নথি নং- ৪৭.৬১.০০০০.২২১. ... ৩৯,০৩৪.২৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৪.০১৮.১৬.২০১৯জি- ১২৮৫(১১)-এ/৩ তারিখঃ ১৪/১২/২০২১

বিষয়ঃ সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ অনুষ্ঠানসূচি এবং আনুষাঙ্গিক নির্দেশাবলি।

সূত্রঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নং- জ:শ:উ:/জা:বা:ক:/বিবিধ-০১/২০২১/১২১৬ তারিখ- ১১/১২/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের ছায়ালিপি এসংগে সংযুক্ত করে প্রেরণ করা হল। পত্রের মর্মানুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ অনুষ্ঠানসূচি এবং আনুষাঙ্গিক নির্দেশাবলির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ পাতা।

১৪।১২।২১
(নূর মোহাম্মদ মামুন)
উপ-নিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

১। অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা। *অধীনস্থ কার্যালয়ে পত্রের ছায়ালিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।*
২। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ। *অধীনস্থ কার্যালয়ে পত্রের ছায়ালিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল।*
৩। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। সংশ্লিষ্ট নথি।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় দপ্তর
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
coop.chittagongdiv.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন

স্মারক নং ১৭৭৭/৯৯ তারিখ ঃ১৪/১২/২০২১খ্রি.।

জেলা সমবায় কর্মকর্তা,...........................................(সকল)। তাঁকে উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৪.১২.২০২১
(কানিজ ফাতেমা)
উপ-নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)
বিভাগীয় সমবায় দপ্তর

Scanned with CamScanner

জয় বাংলা

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং- জ:শ:উ:/জা:বা:ক:/বিবিধ-০১/২০২১/১২১৬

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৮ / ১১ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ অনুষ্ঠানসূচি এবং আনুষঙ্গিক নির্দেশাবলি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বিজয়ের সুবর্ণজয়ন্তী মাহেন্দ্রক্ষণকে উপলক্ষ করে নতুন প্রজন্মসহ দেশবাসীকে জাতির পিতার আদর্শ এবং মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার মহতী প্রয়াসে আগামী ১৬ই ডিসেম্বর বিকাল ৪:০০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা শপথ পরিচালনা করবেন। গত ০৫.১২.২০২১ তারিখে এ সংক্রান্ত প্রাথমিক নির্দেশাবলি অত্র কার্যালয় হতে প্রেরণ করা হয়েছে।

শপথ অনুষ্ঠান আয়োজন বিষয়ে গত ০৮.১২.২০২১ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. আহমেদ কায়কাউসের সভাপতিত্বে এবং জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীর উপস্থিতিতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত তথ্যাদি নির্দেশক্রমে অবহিত করা হলোঃ

১। সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ সংক্রান্ত চূড়ান্ত অনুষ্ঠানসূচি নিম্নরূপঃ

অনুষ্ঠানসূচিঃ

| সময় (বিকাল) | কর্মসূচি | প্রাপ্ত/মন্তব্য |
|---|---|---|
| ০৩:৪৫ টা | অনুষ্ঠান স্থলে উপস্থিতি | সকল বিভাগীয় স্টেডিয়াম ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্ত থাকবে। অন্যান্য স্থান সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান অনুসরণ করবে। |
| ০৪:০০ টা | ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে নির্ধারিত ভেন্যুসমূহের সাথে সংযুক্তি | |
| ০৪:১৫ টা | মাননীয় প্রধানমন্ত্রীর আগমন | |
| ০৪:১৫ টা | জাতীয় সংগীত | |
| ০৪:২০ টা | সঞ্চালনাঃ<br>ড. কামাল আবদুল নাসের চৌধুরী<br>প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি | |
| ০৪:২৫ টা | মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য | |
| ০৪:৪০ টা | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ পরিচালনা<br>(শপথ গ্রহণকারী সকলেই জাতীয় পতাকা হাতে মুষ্টিবদ্ধভাবে ধরে শপথ বাক্য পাঠ করবেন) | |
| ০৪:৪৫ টা | সমবেত সংগীত | |
| ০৪:৫৫ টা | অনুষ্ঠানের সমাপ্তি | |

২। বিভাগীয় শহর, জেলা ও উপজেলা শহরে মাঠ পর্যায়ে অনুষ্ঠিতব্য শপথ গ্রহণ অনুষ্ঠানের ভেন্যুর তালিকা একত্রিত করে বিভাগীয় কমিশনার মহোদয়গণকে bangabandhu100@gmail.com এবং dg4 @pmo.gov.bd এর ইমেইল এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির আয়োজনে আগামী ১৬/১২/২০২১ তারিখে জাতীয় পর্যায়ে শপথ গ্রহণ অনুষ্ঠান এবং পরবর্তীতে "মহাবিজয়ের মহানায়ক" শিরোনামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা হতে সরাসরি পরিচালিত ও সম্প্রচারিত হবে। উক্ত জাতীয় অনুষ্ঠান চলাকালীন (বিকেল ৪:০০টা হতে রাত্র ৮:৪৫) বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ

Scanned with CamScanner

সকল সরকারী/আধাসরকারী সংস্থা কর্তৃক অন্যান্য কর্মসূচি (যদি থাকে) ভিন্ন সময়ে সমন্বয়পূর্বক আয়োজনের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

৪। তথ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং সকল বেসরকারি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া উল্লেখিত জাতীয় কর্মসূচির বিষয়টি ব্যাপকভাবে প্রচারের কার্যকর ব্যাবস্থা গ্রহণ করবে।

৫। বিভাগীয় পর্যায়ের অনুষ্ঠানস্থলে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্তির ক্ষেত্রে কারিগরী বিষয়টি 'কাজলা টেকনোলজি লিঃ' এর সংশ্লিষ্ট প্রতিনিধির সাথে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

৬। বিদেশে অবস্থিত বাংলাদেশের কূটনৈতিক মিশনসহ সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ নিজ নিজ অধিক্ষেত্রে বাস্তব অবস্থা বিবেচনায় এনে নিজস্ব ব্যাবস্থাপনায় শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজন করবে।

৭। মাঠ পর্যায়ে শপথ অনুষ্ঠানটি আয়োজনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, আইন-শৃংখলা বাহিনীর সদস্য, সকল পেশাজীবী, সকল সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের সদস্যগণ, ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী, কৃষক, শ্রমিক, ছাত্রসহ সমাজের সর্বস্তরের মানুষের উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে।

৮। মাঠ পর্যায়ে আয়োজিতব্য শপথ অনুষ্ঠানস্থলে শান্তি-শৃংখলা তথা নিরাপত্তার বিষয়টি সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর নিশ্চিত করবে।

৯। শপথ অনুষ্ঠানকে সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়ার নেতৃত্বে তিন সদস্যের একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের জন্য প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

ক. জনাব মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান
অতিরিক্ত সচিব, জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়, মোবাইল নম্বর- ০১৭১১-১২৭৩০৬;

খ. জনাব মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি
মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, মোবাইল নম্বর- ০১৭১৪-০৪০০৯৩

১১.১২.২০২৩

পঙ্কজ ঘোষ
উপসচিব
ফোনঃ ০২-৫৫১৩০৩১৫

অনুলিপিঃ সদয় কার্যার্থেঃ
১. সিনিয়র সচিব/সচিব............................ (সকল);
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ;
৩. বিভাগীয় কমিশনার............................ (সকল);
৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার;
৫. জেলা প্রশাসক.......................................(সকল);
৬. উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

Scanned with CamScanner